গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরি-১ শাখা

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "১১টি মডার্ন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোকাব্বির হোসেন<br>সচিব |
| সভার তারিখ | ৩০ সেপ্টেম্বর ২০২১ খ্রি: |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | Zoom ভিডিও কনফারেন্স এর মাধ্যমে ভার্চুয়াল |
| উপস্থিতি | সভায় পরিকল্পনা কমিশন এর ভৌত অবকাঠামো বিভাগ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি), সাধারন অর্থনৈতিক বিভাগ, কাযক্রম বিভাগ; অর্থ বিভাগ ও গণপূর্ত এবং স্থাপত্য অধিদপ্তরের প্রতিনিধি, মহাপরিচালক ও পরিচালক (উন্নয়ন) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর; অতিরিক্ত সচিব (উন্নয়ন), যুগ্মসচিব (অগ্নি) যুগ্মসচিব (পরিকল্পা অধিশাখা), উপসচিব (পরিকল্পনা-১) এবং উপসচিব (পরিকল্পনা-২), সুরক্ষা সেবা বিভাগ ও প্রকল্প পরিচালক সভায় অংশগ্রহণ করেন। |

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বর্তমান করোনা সংক্রমন পরিস্থিতিতে স্বাস্থ্য সেবা বিভাগের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের 'সময়াবদ্ধ কর্মপরিকল্পনা' ও 'ক্রয় পরিকল্পনা' অনুযায়ী প্রকল্পের কাজের গুণগত মান বজায় রেখে প্রকল্পের কার্যক্রম সম্পাদন করার নির্দেশনা প্রদান করেন। অত:পর তিনি অতিরিক্ত সচিব (উন্নয়ন) কে সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের অনুরোধ করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক জানান যে, আলোচ্য প্রকল্পটির মেয়াদ জানুয়ারী/২০১৯ হতে জুন/২০২১ পর্যন্ত নির্ধারিত ছিলো। যা পরবর্তীতে ১ম সংশোধনির মাধ্যমে জুন/২০২২ পর্যন্ত সময় বৃদ্ধি করা হয়েছে এবং প্রকল্পের ব্যয় ৬৪৫.৬৮ কোটি টাকা। এ পর্যায়ে বিগত পিএসসি সভার সিদ্ধান্ত এবং গৃহীত অগ্রগতি তিনি সভায় উপস্থাপন করেন।

০৩। প্রকল্প পরিচালক এ প্রকল্পের আওতায় নির্মাণাধীন ১১টি মডার্ণ ফায়ার স্টেশনের মধ্যে ০৯টি স্টেশনের নির্মাণ অগ্রগতি স্টেশন ভিত্তিক একে একে উপস্থাপন করেন। এ সময় সভাপতি প্রণয়নকৃত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী নির্মাণকাজ বাস্তবায়নের বিষয়ে জানতে চাইলে, প্রকল্প পরিচালক জানান যে, কর্নফূলী চট্রগ্রাম ও শিবু মার্কেট নারায়ণগঞ্জ প্রণীত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী গণপূর্ত বিভাগ কর্তৃক নির্মাণ কাজ বাস্তবায়ন করতে পারেনি। এ পর্যায়ে সভাপতি নির্মাণধীন প্রতিটি স্টেশনের প্রণীত সময়াবদ্ধ কর্ম পরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতির তুলনামূলক তথ্য ০৭ অক্টোবর, ২০২১ তারিখের মধ্যে দাখিল করার জন্য প্রকল্প পরিচালক এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করেন। এ পর্যায়ে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, আলোচ্য প্রকল্পের ১১টি মধ্যে ০৩টির (গাজীপুর জেলার রাজেন্দ্রপুর, পাবনা জেলার রুপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রে এবং খুলশী চট্টগ্রাম) জমি অধিগ্রহণ কার্যক্রম প্রক্রিয়াধীন। তন্মধ্যে, গাজীপুর জেলার রাজেন্দ্রপুরের জমি অধিগ্রহনের ক্ষতিপূরণ মূল্যের প্রাক্কলন প্রস্তুতি পর্যায়ে রয়েছে। পাবনা জেলার রুপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের ভূমি অধিগ্রহণের সংশোধিত প্রশাসনিক অনুমোদনসহ পূর্নাঙ্গ প্রস্তাব জেলা প্রশাসক পাবনা বরাবর প্রেরণ করা হয়েছে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় জানান যে, তিনি পাবনা এবং গাজীপুর জেলা প্রশাসকের সঙ্গে জমি অধিগ্রহণ কার্যক্রম ত্বরান্বিত করার বিষয়ে কথা বলেছেন। এ পর্যায়ে সভাপতি বলেন প্রয়োজনে জেলা প্রশাসকের পাশাপাশি অতিরিক্ত জেলা প্রশাসক ও ভূমি অধিগ্রহন কর্মকতার সঙ্গে যোগাযোগের মাধ্যমে জমি

অধিগ্রহণ দ্রুত সম্পন্ন করার জন্য অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও প্রকল্প পরিচালক কে পরামর্শ দেন। একই সঙ্গে প্রকল্প পরিচালককে ১৪ অক্টোবর/২০২১ এর মধ্যে গাজীপুর জেলার রাজেন্দ্রপুর ও পাবনা জেলার রুপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের জমি অধিগ্রহণের বিষয়ে হালনাগাদ তথ্য উন্নয়ন অনুবিভাগে প্রেরণ করার জন্য নির্দেশনা দেন।

০৪। প্রকল্প পরিচালক সভায় জানান যে, এ প্রকল্পের অধীণে চট্রগ্রামের খুলশীতে রেলওয়ের জমিতে মডার্ণ ফায়ার স্টেশন নির্মাণের সংস্থান ছিল। কিন্তু বাংলাদেশ রেলওয়ে অধিদপ্তরের জমি বন্দোবস্ত বা হস্তান্তরের কোন সুযোগ না থাকায় খুলশী চট্রগামের পরিবর্তে ঢাকার অদূরে পূর্বাচলে মডার্ণ ফায়ার স্টেশন স্থাপনের পরিকল্পনা কমিশনে প্রস্তাব করা হয়েছে। এ পর্যায়ে মহাপরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর জানান যে, প্রস্তাবিত স্থান পরিবর্তনের প্রস্তাবের বিষয়ে পরিকল্পনা কমিশন কর্তৃক নিম্নলিখিত ০৩টি বিষয়ে তথ্যাদিসহ প্রকল্পের ২য় সংশোধনের প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরনের জন্য অনুরোধ করা হয়েছে।

ক) চট্রগ্রাম খুলশীতে রেলওয়ের জায়গা পাওয়া না গেলেও উক্ত অঞ্চলের অগ্নি নির্বাপণ সুবিধাদির উন্নয়ন সংক্রান্ত চাহিদা অবশিষ্ট রয়ে গেলে এ স্থানান্তরের প্রস্তাব অনুমোদনকারী কর্তৃপক্ষের বিবেচনার জন্য উপস্থাপনের যৌক্তিকতা। ঢাকার প্রস্তাবিত স্থানে স্টেশন নির্মাণ করা হলে তা দিয়ে চট্রগ্রামের চাহিদা পূরণ কিরূপে সম্ভব হবে;

খ) খুলশীতে রেলওয়ের জায়গা পাওয়ার সম্ভবনা ক্ষীণ হলে চট্রগ্রাম শহরের বিকল্প স্থানে উপযুক্ত সাইট খোঁজার উদ্যোগ নেওয়া হয়েছে কিনা, হলে তার বিবরণ;

গ) ঢাকার জলসিড়ি আবাসিক এলাকায় প্রস্তাবিত সাইটে স্টেশন স্থাপনের সুপারিশ কোন সভায় (পিআইসি, পিএসসি ইত্যাদি) সিদ্ধান্তের আলোকে করা হয়েছে এবং তার পটভূমি।

০৫। এ পর্যায়ে সভাপতি বলেন যে, বাংলাদেশ রেলওয়ে থেকে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কোন লিখিত মতামত না নিয়ে তাদের জমিতে ফায়ার স্টেশন নির্মাণের বিষয়টি অন্তর্ভূক্ত করা সঠিক হয়নি। প্রকল্প পরিচালক এ পর্যায়ে সভাকে জানান যে, বর্ণিত ঢাকার পূর্বাচল নতুন শহরে অনেক শিল্প কারখানা ও জনবসতি গড়ে উঠছে নিকটবর্তী নারায়ণগঞ্জের রুপগঞ্জে অনেক শিল্প কারখানা রয়েছে। তৎপ্রেক্ষিতে খুলশী চট্রগামের পরিবর্তে ঢাকার পূর্বাচলে মডার্ণ ফায়ার স্টেশন নির্মাণের প্রস্তাব করেন। এ পর্যায়ে সভাপতি পূর্বাচলে প্রস্তাবিত ফায়ার সার্ভিসের সদর দপ্তর এবং প্রস্তাবিত মডার্ণ ফায়ার স্টেশনটি অবস্থানগত কারণে একীভূত করা সম্ভব কিনা জানতে চাইলে মহাপরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় জানান যে, প্রস্তাবিত মডার্ণ ফায়ার স্টেশনটি প্রস্তাবিত সদর দপ্তর হতে দূরে রয়েছে। নতুন শহর স্থাপন সেই সাথে রুপগঞ্জের বিশাল শিল্প এলাকা বিবেচনায় রেখে সাইট সিলেকশন করা হয়েছে। মডার্ণ ফায়ার স্টেশন নির্মাণের জন্য বাংলাদেশ সেনাবাহিনী পূর্বাচল এলাকায় ইতোমধ্যে বিনামূল্যে তাদের জলসিড়ি আবাসন প্রকল্পের ৩নং সেক্টরের সন্নিকটে এবং মাদানী এভিনিউ সংলগ্ন ১.০০ একর জায়গা বরাদ্দ প্রদান করেছেন তবে দলিল করে দেন নাই। এ পর্যায়ে সভাপতি, ঢাকার পূর্বাচলে জমি প্রাপ্তি বিষয়ে বাংলাদেশ সেনাবাহিনীর জলসিড়ি আবাসন কর্তৃপক্ষের সাথে ৭ দিনের মধ্যে জমি হস্তান্তর চুক্তিসহ নামজারী সম্পন্ন করে এই স্থানে মডার্ন ফায়ার স্টেশন নির্মাণের প্রস্তাব প্রেরণের জন্য পরামর্শ প্রদান করেন।

০৬। প্রকল্প পরিচালক লেডার সংগ্রহের জন্য প্রেরিত সংশোধিত স্পেসিফিকেশনের বিষয়ে ৬০-৬৪ মিটার লেডার সংগ্রহের প্রস্তাবের প্রেক্ষিতে পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত ডিপিপিতে টার্ন টেবল লেডারের উচ্চতা নুন্যতম ৬৮ মিটার এ কোন পরিবর্তন গ্রহণযোগ্য নয় মর্মে জানানো হয়েছে। সভাপতি এ বিষয়ে বাস্তবতার নিরীক্ষে তাদের চাহিদা অনুযায়ী পুনরায় অধিদপ্তর কে প্রস্তাব প্রেরণের নির্দেশ প্রদান করেন। এ পর্যায়ে আইএমইডি'র মহাপরিচালক সভায় জানান প্রকল্প সংশোধনের মাধ্যমে এটা করা সম্ভব। পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের উপ প্রধান সভাকে জানান যে, প্রকল্প ডিপিপি'তে সংস্থানকৃত ৫৪ মিটার থেকে ১ম সংশোধনীর মাধ্যমে ৬৮ মিটার করা হয়। সে আলোকে দরপত্র আহবান ও ওয়ার্ক অর্ডার করা হয়। পরবর্তীতে ৬০-৬৪ মিটার এর প্রস্তাব প্রেরণ করা হয়। ৬৮ মিটারের স্থলে যদি ৬০-৬৪ মিটার বিষয়টি সুস্পষ্ট করা না হলে মূল্যের অনেক তারতম্য হবে। এছাড়াও প্রতিযোগীতার বিষয়ে সরবরাহকারীর প্রতি সমান আচারণ করা হবে না। এ পর্যায়ে সভাপতি সভাকে জানান যে, এ দেশের রাস্তা ৬৮ মিটার টার্ন টেবল লেডারের জন্য উপযোগী নয় বিধায় প্রয়োজনে দরপত্র বাতিল করে ফ্রেশ টেন্ডার করা যেতে পারে। একইসঙ্গে ফায়ার সার্ভিসের সকল সংগ্রহকৃত উপকরণ নিডবেজ হতে হবে।

এ পর্যায়ের ভৌত অবকাঠামো বিভাগের উপ প্রধান সভায় জানান যে, পরিপত্রে আর্থিক হ্রাস/বৃদ্ধি ৫% পর্যন্ত সেক্টর প্রধান পূর্বানুমতি প্রদান করতে পারেন। যেহেতু এখানে ভৌগলিক অবস্থান পরিবর্তন সংক্রান্ত তাই এক্ষেত্রে স্থান পরিবর্তনের মূল অনুমোদনকারী কর্তৃপক্ষ একনেকে উপস্থাপন করতে হবে। সভাপতি বলেন, প্রকল্প সমাপ্ত করার নিমিত্ত স্থান পরিবর্তনের প্রস্তাব বিবেচনা করা যেতে পারে।

০৭। প্রকল্প পরিচালক প্রকল্পের মেয়াদ বৃদ্ধিসহ প্রকল্পের ২য় সংশোধনীর প্রস্তাব সভায় উপস্থাপন করেন। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, ১১টি স্টেশনের মধ্যে ০২টি স্টেশনের জমি অধিগ্রহণ এখনো সম্পন্ন হয়নি। তাই প্রকল্প মেয়াদে জমি অধিগ্রহণ কার্যক্রম সম্পন্ন করে নির্মাণ কাজ জুন/২০২২ এর মধ্যে সমাপ্ত করা সম্ভব হবে না। এছাড়া ০৩টি স্টেশন ( শিবু মার্কেট, নারায়ণগঞ্জ; রাজেন্দ্রপুর, গাজীপুর এবং কোনাবাড়ী, গাজীপুর) নির্মাণ কাজ দেরিতে শুরু হওয়ায় যথাসময়ে সমাপ্তি নিয়ে যথেষ্ট সন্দিহান। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বলেন যে, চলমান নির্মাণ কাজ ০৯টির মধ্যে উল্লিখিত ০৩টি স্টেশনের নির্মাণ কাজ গণপূর্ত বিভাগ জুন/২০২২ এর মধ্যে সম্পন্ন করতে পারবে বলে মনে হয় না। তিনি আরো জানান যে দুটি স্টেশনের নির্মাণ কাজের অগ্রগতি মাত্র ৫%। সেগুলো কোন ভাবেই জুন/২০২২ এ শেষ করা সম্ভব হবে না। এ পর্যায়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন) জানান যে, অধিগ্রহণতব্য ০২টি স্টেশনসহ মোট ১১টি স্টেশনের নির্মাণ কাজ শেষ করতে প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ বছর বৃদ্ধি করে জুন/২০২৩ পর্যন্ত নির্ধারিত করা হলে ১১টি স্টেশন নির্মাণ করা সম্ভব হবে। ভৌত অবকাঠামো বিভাগের উপ-প্রধান জানান যে, স্থান পরিবর্তনসহ প্রকল্পের মেয়াদ এক বছর বৃদ্ধির প্রস্তাব দ্রুত পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। আইএমইডির মহাপরিচালক জানান যে, ১১টি স্টেশনের মধ্যে কোনটি বাদ দেওয়া সঠিক হবে না। তাই স্থান পরিবর্তনসহ প্রকল্পের মেয়াদ বৃদ্ধির নির্ধারিত তারিখের মধ্যে ১১টি স্টেশনের নির্মাণ কাজ সমাপ্ত করতে হবে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

০৮. বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিভাবে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়;

(১) সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ও এর আলোকে বাস্তবায়ন অগ্রগতি (ব্যতয়সহ) প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে;

(২) জমি অধিগ্রহণ কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি ১৪ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে এ বিভাগে অবহিত করা এবং প্রয়োজনে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে;

(৩) খুলশীতে রেলওয়ের জমিতে মডার্ণ ফায়ার স্টেশন নির্মাণের পরিবর্তে ঢাকার পূর্বাচলে জলসিড়ি আবাসন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ পূর্বক জমির রেজিস্ট্রেশনকৃত মালিকানা হস্তান্তর দলিল ও নামজারী করতঃ সেখানে মডার্ণ ফায়ার সার্ভিস স্টেশন নির্মাণের প্রস্তাব ১৪/১০/২০২১ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে;

(৪) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে সংগ্রহকৃত উপকরণ ও ব্যবহার সংক্রান্ত তথ্যাদি পরবর্তী সমন্বয় সভায় সকলের অবগতির জন্য উপস্থাপন করতে হবে;

(৫) প্রকল্পের সংশোধনের বিষয়সমূহ:

(ক) বাস্তবতার নিরীক্ষে ও অধিদপ্তরের চাহিদা অনুযায়ী 'টার্ন টেবল লেডারের' দৈর্ঘ্য হ্রাস সংক্রান্ত পূর্ণাঙ্গ প্রস্তাব পুনরায় প্রেরণ করতে হবে;

(খ) এ যাবৎ পরিকল্পনা কমিশন হতে যে সকল বিষয়ে পূর্বানুমতি নেওয়া হয়েছে সে সকল বিষয় সংশোধিত ডিপিপিতে অন্তর্ভুক্ত করতে হবে;

(গ) প্রকল্প মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১(এক) বছর বৃদ্ধি করে ডিপিপি'র সংশোধনের লক্ষ্যে প্রস্তাবনা আগামী ১৪/১০/২০২১ তারিখের এর মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে;

০৯। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোকাব্বির হোসেন
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০৯.১৯.৩৭৬

তারিখ: ২০ আশ্বিন ১৪২৮
০৫ অক্টোবর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
২) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৩) সদস্য (অতিরিক্ত দায়িত্ব), সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৬) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর
৭) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দপ্তর (পরিকল্পনা ও বিশেষ প্রকল্প), গণপূর্ত অধিদপ্তর
৮) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
৯) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
১০) যুগ্মসচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
১১) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ
১২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর
১৩) প্রকল্প পরিচালক (১১ মর্ডাণ প্রকল্প), ১১ মর্ডাণ প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
১৪) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ
১৫) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ

আরিফ আহমদ
উপসচিব